Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটপাড়া, নেত্রকোণা
www.atpara.netrokona.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০০.৪৬.০৩৩.২২-৩৯৮

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা- ২০১৫ মোতাবেক নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন সমূহে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। আটপাড়া উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের/ সংশ্লিষ্টওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের সংখ্যা | বেতন | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার | ০১ নং স্বরমুশিয়া | ০৪ নং | ০১ (এক) | সরকার কর্তৃক নির্ধারিত (ইউপি অংশ- ৩২৫০ + সরকারি অংশ ৩২৫০) ৬৫০০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | মহল্লাদার | ০৩ নং লুনেশ্বর | ০৫ নং | ০১ (এক) | | |
| ০৩ | মহল্লাদার | ০৫ নং তেলিগাতী | ০৩ নং, ০৪ নং, ০৫ নং | ০৩ (তিন) | | |
| ০৪ | মহল্লাদার | ০৬ নং দুওজ | ০১নং,০৩নং,০৮ নং, ০৯ নং | ০৪ (চার) | | |
| ০৫ | মহল্লাদার | ০৭ সুখারী | ০২নং, ০৯ নং | ০২ (দুই) | | |

### নিয়োগের শর্তাবলী

১. মহল্লাদার প্রার্থীদের অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের/সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদন পত্রে ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজীতে), খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে), ছ) ১১ /০৪ /২০২৩ তারিখে বয়স, জ) ভোটার আইডি নম্বর, ঝ) জাতীয়তা, ঞ) ধর্ম, ট) শিক্ষাগত যোগ্যতা, ঠ) শারীরিক যোগ্যতার পরিমাপ, ড) অভিজ্ঞতা (যদি থাকে), ঢ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ আবেদন করতে হবে।

৩. **শারিরীক যোগ্যতা:**

**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:**

ক) সর্ব নিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) গ)সর্বনিম্ন ওজন ৫০ কেজি

**মহিলা প্রার্থীদের ক্ষেত্রে:**

ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্ব নিম্ন ওজন ৪৫ কেজি

৪. আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ

ক) প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্রের সত্যায়িত ফটোকপি, গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূলকপি, চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।

৫. আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের অফেরৎ যোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৬. মহল্লাদার পদে প্রার্থীদের বয়স ১১ / ০৪ /২০২৩খ্রিঃ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিল'যোগ্য । প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না।

৭. মুক্তিযোদ্ধাগণের সন্তানদের ক্ষেত্রে জাতীয় তালিকা/লাল মুক্তি বার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকা ভূক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণ পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

CamScanner

৮. প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয় পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৯. চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. আবদেন পত্র স্বহস্তে পূরণ পূর্বক জমা প্রদান করতে হবে।

১১. আবেদন আগামী ২৬/ ০৪ /২০২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাক যোগে পৌঁছাতে হবে।

১২. লিখিত পরীক্ষা গ্রহণের তারিখ-০৩/০৫/২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা ও মৌখিক পরীক্ষা বিকাল ০৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

১৩. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গন্য হবে।

১৪. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাকটিকেট যুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপরে মোটা অক্ষরে পদের নাম/কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৫. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ, আটপাড়া থানা, আটপাড়া হতে চারিত্রিক সদাচারণ সনদ পত্র গ্রহণ করতে হবে।

১৬. প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. আবেদন পত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবেনা।

১৮. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৯. পরবর্তীতে প্রার্থীদের চাকুরি স্থায়ী করণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১/০৪/২৩


(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোনঃ০৯৫২২: ৭৪০০১
ই-মেইল: unoatpra@yahoo.com


স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০০.৪৬.০৩৩.২২- ৬২৮

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. জেলা প্রশাসক, নেত্রকোণা।
২. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
৪. অফিসার ইনচার্জ, আটপাড়া থানা, আটপাড়া, নেত্রকোণা।
৫. উপজেলা .........................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
৬. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটপাড়া, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭. চেয়ারম্যান, .............................ইউপি (সকল), আটপাড়া, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, বিভিন্ন গুরুত্ব পূর্ণ স্থানে, ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোড সহব্যপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. ......................................................................................................................................।
৯. অফিসকপি।

১১/০৪/২৩

উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা।

CamScanner